
মহা শিবরাত্রি পূজা পদ্ধতি

মহা শিবরাত্রি পূজা করার অন্যতম প্রধান অংশ হলো শিবরাত্রি ব্রত। তাই সবার প্রথমে আসুন জেনে নেওয়া যাক শিবরাত্রি ব্রত পালনের নিয়ম গুলি।

শিবরাত্রি ব্রত পালনের নিয়ম

শাস্ত্র মতে শিবরাত্রির পূজা দেওয়ার পদ্ধতি অথবা নিয়ম শুরু হয়ে যাই শিবরাত্রির আগের দিন থেকেই। শিবরাত্রির পূজা দেওয়ার জন্য ভক্তদের শিবরাত্রির আগের দিনে শুধুমাত্র নিরামিষ আহার গ্রহণ করতে হয়। রাতে বিছানায় না শুয়ে মাটিতে অথবা খড়ে শুতে হয়। শিবরাত্রির দিন সকাল থেকে পরের দিন সকাল পর্যন্ত উপবাস করেই শিবরাত্রির পূজা করতে হয়। তবে উপবাসের দিন ফল ইত্যাদি খাওয়া চলে।

চার প্রহরে মহাদেবের পূজা করার নিয়ম

শাস্ত্র মতে শিবরাত্রির রাত্রিবেলা চার প্রহর ধরে দুধ, দই, ঘৃত ও মধু দিয়ে শিবলিঙ্গকে অভিষেক বা স্নান করাতে হয়। এর মধ্যে :-

- প্রথম প্রহরে দুধ দিয়ে,
- দ্বিতীয় প্রহরে দই দিয়ে,
- তৃতীয় প্রহরে ঘৃত বা ঘু দিয়ে
- ও চতুর্থ প্রহরে মধু দিয়ে শিবলিঙ্গকে স্নান করাতে হয়।

এর পর বেলপাতা, নীলকণ্ঠ ফুল, ধুতুরা, আকন্দ, অপরাজিতা প্রভৃতি ফুল দিয়ে পূজা করতে হয়। পূজার পর মহাদেবের ১০৮টি নাম যোগ করে সারারাত জেগে জেগে ভক্তিগীতি গেয়ে ও ব্রতকথা, মন্ত্র আরাধনা করতে হয়।

২০২২ এর মহাশিবরাত্রি চার প্রহরে পূজার সময়

- প্রথম প্রহর:- ১ লা মার্চ, সন্ধ্যা ৬:২১ থেকে রাত্রি ৯:২৭ পর্যন্ত।
- দ্বিতীয় প্রহর:- ১ লা মার্চ রাত্রি ৯:২৭ মিনিট থেকে ১২:৩৩ পর্যন্ত।
- তৃতীয় প্রহর:- ২ রা মার্চ রাত্রি ১২:৩৩ (12:33 am) থেকে ৩:৩৯ পর্যন্ত।
- চতুর্থ প্রহর:- ২ রা মার্চ ভোর ৩:৩৯ থেকে সকাল ৬:৪৫ পর্যন্ত।

বাড়িতেই শিবরাত্রির পূজা করার জন্য পূজাসামগ্রী ও নিয়মকানুন

এমন অনেকেই রয়েছেন যাঁরা ব্যাস্ত জীবন যাপনের কারণে অথবা আশপাশে পূজা দেওয়ার কোনো মন্দির না থাকার কারণে মন্দিরে গিয়ে শিবরাত্রির পূজা দিতে পারেন না এবং তারা বাড়িতে বসেই শিবরাত্রির পূজা করতে চান। তাদের জন্য যেই প্রয়োজনীয় পূজাসামগ্রী ও নিয়মকানুন গুলি নিম্নরূপ।

প্রয়োজনীয় পূজা সামগ্রী:-

- একটি শিবলিঙ্গ।
- শিবলিঙ্গটাকে স্নান করানোর মতো এক ঘটি জল।
- একটি পাত্র (থোলা)।
- একটি গ্লাস।
- কোশাকুশি।
- একটু সাদা চন্দন।
- আতপ চাল।
- কয়েকটি ফুল ও বেলপাতা (নীলকণ্ঠ ফুল, ধুতুরা ফুল, আকন্দ ফুল ও অপরািজিতা ফুল হলে ভালো হয়)।
- ধূপ।
- প্রদীপ।

- নৈবেদ্য (ঠাকুরের প্রসাদ) ও পানীয় জল।
- প্রণামী।

উপরে লেখা সামগ্রী গুলির মধ্যে কোনো একটির জোগাড় যদি আপনি নাও করতে পারেন তাতে কোনো অসুবিধা নেই। আপনি সেই সামগ্রীটার নাম নিয়ে একটু জল ব্যবহার করতে পারেন। কারণ সমগ্রটাই আপনার ভক্তি, আস্থা, বিশ্বাস ও নিষ্ঠার ওপর নির্ভর করছে।

বাড়িতেই শিবরাত্রির পূজা করার নিয়মকানুন:-

- স্নান করে আসনে বসে শিব ও দুর্গাকে প্রণাম করবেন।
- পূজাস্থানে ধূপদীপ জ্বালিয়ে নেবেন।
- শিবলিঙ্গকে তামা অথবা পাথরের পাত্রে বসানোর চেষ্টা করবেন।
- শাস্ত্র মতে উত্তরদিক ব্রহ্মলোকপথ তাই মহাদেবের পূজা সর্বদা উত্তরমুখে বসে করাই উচিত।

মহাশিবরাত্রির মন্ত্র

এটা কথিত আছে যে মহাদেব খুব অল্পতেই সন্তুষ্ট হন মহাদেব। তাঁর পূজা করার সময় নিম্নেলিখিত মন্ত্র গুলো জপ করলে আপনার মনোঙ্কামনা নিশ্চয় পূর্ণ হবে।

আমার আপনাদের আগেই বলেছি যে কোন প্রহরে শিবলিঙ্গকে কি দিয়ে স্নান করতে হয়। তো আসুন এবার জেনেনি যে শিবলিঙ্গকে স্নান করানোর সময় কোন মন্ত্রটি জপ করতে হয়।

- প্রথম প্রহর:- ওঁ হৌ ঈশানায় নমঃ।
- দ্বিতীয় প্রহর:- ওঁ জৌং অঘোরায় নমঃ।
- তৃতীয় প্রহর:- ওঁ হৌং বামদেবায় নমঃ।

- **চতুর্থ প্রহর:-** ঔ হ্রাং সদ্যজাতায় নমঃ।

এছাড়াও এদিন মহাদেবের সবথেকে গুরুত্ব পূর্ণ মন্ত্র “**ওম নমঃ শিবায়**” এর জপ করা উচিত।